

111

**কলেজ সরকারীকরণের
আবেদন**

সাবেক ঢাকা সদর মহকমার মফস্বল এলাকায় ১৯৬৫ সালে সর্ব প্রথম কাপাসিয়ায় 'কাপাসিয়া কলেজ' প্রতিষ্ঠিত হয়। কলেজ প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে আজ পর্যন্ত বিভিন্ন সময়ে সরকারী আশ্রয়, রাজনৈতিক নেতা ও মন্ত্রী বহুবার কলেজটি সরকারীকরণের আশ্বাস দেন, কিন্তু বাস্তবে কেহই কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেননি। কাপাসিয়া উপজেলার পাশ্চাতী এলাকায় ইহার অনেক পরে কলেজ প্রতিষ্ঠিত হয়েও সরকারীকরণ হয়ে গেছে। কলেজ ভবনটি নিজস্ব ১৬ একর জমির উপর প্রতিষ্ঠিত। কলেজের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা পাঁচ হাজার। এইচ,এস,সি এবং ডিগ্রী পরীক্ষা কেন্দ্রও রয়েছে। কলেজের ফলাফল বরাবরই ভাল। তাই উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন কলেজটি সরকারীকরণ করে এলাকাবাসীর দীর্ঘ দিনের দাবীর স্বীকৃতি দিন।

ওমর ফারুক সরকার
গ্রাম ও ডাকঘর-ভাওয়াল
নারায়নপুর,
উপজেলা: কাপাসিয়া, গাজীপুর।

**ডিগ্রী পরীক্ষা পিছানোর
আবেদন**

এবারের সর্বশ্রেষ্ঠ বন্যার কবল থেকে বাংলাদেশের খুব কম পরিবারই রেহাই পেয়েছে। বন্যাপ্রবর্তী পুনরাসনের কাজ চলছে। এর মধ্যে আগামী ১৫ই অক্টোবর অনুষ্ঠিত হতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষা। সাম্প্রতিক বন্যার কারণে ছাত্রছাত্রীদের পরীক্ষা দেয়া এই মুহূর্তে সম্ভব নয়। সুবাদিক বিবেচনা করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে আমাদের নিবেদন, আগামী ১৫ই অক্টোবর অনুষ্ঠিত বা ডিগ্রী পরীক্ষা আরো একমাস পিছিয়ে দিন।

—মেওয়ান আসাদ ইমর চৌধুরী
ও ইকবাল আনোয়ার খান,
গুরুদয়াল সরকারী কলেজ,
কিশোরগঞ্জ।